আজকের কাগজ

তারিখ ...22 DEC 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ২ ...

৪৭

### উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশে কম্পিউটারের ত্রুটি

# সংশোধনের দাবিতে ছাত্রদের মিছিল

কাগজ প্রতিবেদক ঃ কম্পিউটারের ভুলের কারণে উচ্চ মাধ্যমিকের ফলাফলে রোল নম্বর না থাকার প্রতিবাদে ঢাকা কলেজের ছাত্ররা গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করে। তারা অবিলম্বে সংশোধিত ফলাফল প্রকাশের দাবি জানায়। ঢাকা কলেজের মেধাবী ছাত্রদের অনেকের ফলাফলই স্থগিত রয়েছে বলে জানা গেছে। অনেকে ফলাফলের শীটে রোল নম্বর না দেখে হতবাক হয়েছে। কারণ অনেক ভালো ফলাফল তাদের প্রত্যাশা ছিলো। তারা দাবি করছে কম্পিউটারের ভুলের কারণেই তাদের রোল নম্বরের হদিস মিলছে না।

এদিকে ঢাকার নটরডেম কলেজের ২১ জন ও ভিকারুন নিসা নুন কলেজের ৩১ জন মেধাবী ছাত্র-ছাত্রীর ফলাফল স্থগিত রয়েছে।

জানা গেছে, ফলাফল স্থগিত রয়েছে বা রোল নম্বরের হদিস মিলছে না এমন ছাত্র-ছাত্রীদের মধ্যে অনেকেই যথেষ্ট মেধাবী এবং ভালো ফলাফলের প্রত্যাশা করেছিলো। এদের অনেকে মাধ্যমিক পরীক্ষায় মেধা তালিকায় ছিলো অথবা স্টার মার্কস, এমনকি সাড়ে ৮শ' থেকে ৮৭৫ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছিলো।

যশোর বোর্ডের অধীনে বরিশাল সরকারি মহিলা কলেজের বিজ্ঞান বিভাগের ২১২ জন ছাত্রীর কারো ফলাফল প্রকাশিত হয়নি। কম্পিউটারের ভুলই এর মূল কারণ বলে জানা গেছে।